শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বন সংরক্ষকের কার্যালয়
বন অধিদপ্তর
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bforest.gov.bd

স্মারক নম্বর - ২২.০১.০০০০.০০৭.০৫.৩৯৪.২১২২ তারিখ: ৩১ অক্টোবর, ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব খাতভূক্ত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://ccffd.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাইতেছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হইবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতনস্কেল (জাঃ বেঃ স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ইঞ্জিন ড্রাইভার/ইঞ্জিনম্যান (গ্রেড-১২) ১১৩০০-২৭৩০০/- | ১৩ (তেরো) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) দ্বিতীয় শ্রেণির ইঞ্জিন ড্রাইভার যোগ্যতা সনদ; এবং<br>(গ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ফরিদপুর, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বাগেরহাট, নড়াইল, বরিশাল, ঝালকাঠী ও পিরোজপুর ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করিতে পারিবেন। |
| ২। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ১০,২০০-২৪৬৮০/- | ১৩ (তেরো) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩। | বেতারযন্ত্র চালক/ ওয়ারলেস অপারেটর (গ্রেড-১৪) ১০,২০০-২৪৬৮০/- | ০৯ (নয়) টি | (ক) (অ) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>অথবা<br>প্রতিরক্ষা বাহিনীর সিগন্যাল কোরের অবসরপ্রাপ্ত সদস্য; এবং<br>(খ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৪। | উচ্চমান সহকারী (গ্রেড-১৫) ৯,৭০০-২৩,৪৯০/- | ০৩(তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫। | সারেং (গ্রেড-১৫) ৯,৭০০-২৩,৪৯০/- | ১৫ (পনেরো) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) দ্বিতীয় শ্রেণির মাস্টার যোগ্যতা সনদ (নৌ পরিবহন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত) এবং<br>(খ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৬। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ১৬৯ (একশত উনসত্তর) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ২ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতনস্কেল (জাঃ বেঃ স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৭। | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০৭ (সাত) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ফরিদপুর, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বাগেরহাট, নড়াইল, বরিশাল, ঝালকাঠী ও পিরোজপুর ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |
| ৮। | গাড়ী চালক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ২৯ (উনত্রিশ) টি | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী; এবং<br>(ঘ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৯। | স্পিড বোট ড্রাইভার (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ১৭ (সতেরো) টি | (ক) (অ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) স্পীড বোট ড্রাইভার হিসেবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(অ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(আ) স্পীড বোট অপারেটর সনদধারী; এবং<br>(খ) "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ "এর তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করিতে পারিবেন। |
| | মোট : | ২৭৫ (দুইশত পঁচাত্তর) টি | | |

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১. বিজ্ঞপ্তি জারির তারিখ সকল আবেদনকারীর সর্বনিম্ন বয়স ১৮ বৎসর হইতে হইবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখ আবেদনকারীর সর্বোচ্চ বয়স ৩০ বৎসর, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়স সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের সর্বোচ্চ বয়স ৩০ বৎসর হইতে হইবে। নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৩ এ বর্ণিত বেতারযন্ত্র চালক/ওয়ারলেস অপারেটর পদের জন্য শুধুমাত্র প্রতিরক্ষা বাহিনীর সিগন্যাল কোরের অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. অনলাইনে আবেদন পত্র গ্রহণ ও পরীক্ষার ফি জমা দেয়ার শুরুর তারিখ ও সময় ৩১.১০.২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকা।

৩. অনলাইনে আবেদন পত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময় ৩০.১১.২০২২ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা ।

৪. কোন সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৫. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বেশেষ জারিকৃত সরকারি নির্দেশনা অনুসরণ করা হইবে।

৬. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নেবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

ঘ) এতিম ও শারিরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র (মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীকে আবেদনের সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

চ) সরকারি বা আধা-সরকারি সংস্থায় কর্মরতদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের NOC/প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।

৭. কর্তৃপক্ষ অনিবার্য কারণে যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন করা এবং নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮. নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯. নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত অন্যান্য শর্ত ও অনলাইনে আবেদনের নিয়মাবলী বন অধিদপ্তরের ওয়েব সাইট http://www.bforest.gov.bd এ পাওয়া যাইবে।

৩১/১০/২০২২

(উম্মে হাবিবা)
সহকারী প্রধান বন সংরক্ষক
সংস্থাপন ইউনিট
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হইলঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক, টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প, বন অধিদপ্তর, ঢাকা।

৬। উপপ্রধান বন সংরক্ষক(সকল)........................................................................বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৭। বন সংরক্ষক/পরিচালক (সকল)..................................................

৮। সহকারী প্রধান বন সংরক্ষক/ উপ বন সংরক্ষক/বিভাগীয় বন কর্মকর্তা/পরিচালক(সকল),............................................................

৯। উপ বন সংরক্ষক, রিমস ইউনিট, বন অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

## অনলাইনে আবেদনের নিয়মাবলী

**ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে https://alljobs.teletalk.com.bd/ccffd ও http://ccffd.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করিতে হইবে। আবেদনের সময়সীমা নিম্নরুপ:**

iii) Online আবেদন পত্র জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ৩১.১০.২০২২, সকাল ১০:০০ টা।

iv) Online আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০.১১.২০২২, বিকাল ৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হইতে হইবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাইবেন। যদি Applicant`s Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহা হইলে পুনরায় আবেদন করিতে পারিবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant`s Copy তে তাহার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও ইহার সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করিয়া রঙিন প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন।

Applicant`s কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকিবে এবং USER ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ এর পদের জন্য ৩০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৩৪.০০ টাকা মোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা এবং ক্রমিক নং ২ হতে ৯ পর্যন্ত পদের জন্য ২০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরৎযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না।

**প্রথম SMS :** **CCFFD** <space>**USER ID** লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।
Example: **CCFFD ABCDEF**

Reply: Aplicant`s Name, TK 334/- or 223/- will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type **CCFFD** <space> YES<space>PIN and Send to 16222

**দ্বিতীয় SMS:** **CCFFD** <space> **YES** <space> **PIN** লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।
Example: **CCFFD YES 12345678**

Reply: Congratulation Aplicant`s Name, payment completed succesfully for **CCFFD** Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://ccffd.teletalk.com.bd অথবা বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

**iii) USER ID জানা থাকলে:**

**CCFFD** <space> **Help** <space> **USER** <space> **USER ID** & Send to ১৬২২২ নম্বরে
Example: **CCFFD Help USER ABCDEF**

**iv) PIN Number জানা থাকলে:**

**CCFFD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to ১৬২২২ নম্বরে।
Example: **CCFFD Help PIN 12345678**

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হইলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়িলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এবং http://ccffd.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd/ccffd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করিয়াও বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.boiler.gov.bd ওয়েবসাইট হইতে জানা যাইবে।

(ট) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিয়া আবেদন করিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করিতে হইবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র দাখিল/প্রদর্শণ করিতে হইবে। ক্রুটিপূর্ণ /অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঠ) Online এ আবেদন করিতে কোন সমস্যা হইলে যে কোন টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করুন। ইহা ছাড়াও vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে। ইহা ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাইবে। (Mail এর Subject-এ Organization Name: **CCFFD** Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করিয়া হাতে যথেষ্ট সময় নিয়া রেজিষ্ট্রেশন সম্পন্ন করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

৩১/১০/২০২২

(উম্মে হাবিবা)
সহকারী প্রধান বন সংরক্ষক
সংস্থাপন ইউনিট
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি